

ডাকাতের গল্প

4.05.2020

- রবীন্দ্রনাথ ঠাকুর

* সংক্ষিপ্ত প্রশ্ন :

১। প্র:- ‘শম্ভুর গায়ে অদ্ভুত জোর’ - একটি ঘটনা উল্লেখ করে অংশটির তাৎপর্য লেখ।

উ:- একবার কুম্ভীরার জঙ্গলে শম্ভুকে ভল্লুকে ধরেছিল। তার সঙ্গে বন্দুক ছিল না। কেবল লাঠি দিয়ে ভল্লুকের সঙ্গে তার যুদ্ধ হয়েছিল। শম্ভুর হাতের লাঠির ঘায়ে ভল্লুকের মেরুদণ্ড ভেঙে গিয়েছিল। ভল্লুক তার উঠে দাঁড়াবার শক্তি হারিয়েছিল। এই ঘটনা থেকেই আমরা শম্ভুর গায়ে অদ্ভুত জোর তা বুঝতে পারি।

২। বিশ্বম্ভরবাবু কেন সপ্তগ্রাম যাচ্ছিলেন?

উ:- সপ্তগ্রামের ইস্টিমার ঘাটের ইস্টেশন মাস্টার মধু বিশ্বাসের ছোটো ছেলের অসুস্থতায়। বড়োই কষ্ট পাচ্ছে। বিশ্বম্ভর বাবু একজন ডাক্তার তাই তিনি রোগী অর্থাৎ মধু বিশ্বাসের ছোটো ছেলের চিকিৎসার জন্য সপ্তগ্রাম যাচ্ছিলেন।